# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

আইসিটিবি সার্কুলার নং ০১/২০২০ তারিখ: ১৫.০৪.২০২০

বিষয় : Data Center (DC)/Disaster Recovery Site (DRS) -এ '24 X 7 support' প্রদানের লক্ষ্যে অফিস চলাকালীন সময়ের পরবর্তী অতিরিক্ত সময় এবং ছুটির দিনে দায়িত্ব পালনের জন্য ভাতা প্রদান প্রসঙ্গে।

রাকাব পরিচালনা পর্ষদের ৪৮৮তম (তারিখ ২৬.১২.২০১৮) সভার সিদ্ধান্ত মোতাবেক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ০৩.০১.২০১৯ তারিখে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও LEADS Corporation Limited, Dhaka এর মধ্যে Online Real-Time Core Banking Solution (CBS) বাস্তবায়ন সংক্রান্ত একটি চুক্তি সম্পাদন করা হয়েছে। সে মোতাবেক ব্যাংকের সকল শাখায় পর্যায়ক্রমে CBS বাস্তবায়নের কাজ চলছে।

০২। দেশের রাষ্ট্রায়ত্ব ব্যাংকসমূহ DC/DRS এ নিরবচ্ছিন্নভাবে '24 X 7 support' প্রদানের লক্ষ্যে অফিস চলাকালীন সময়ের পরবর্তী সময়ে এবং ছুটির দিনে অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য যাতায়াত ও আপ্যায়ন বাবদ ভাতা প্রদান করে থাকে। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের DC/DRS এ নিরবচ্ছিন্নভাবে '24 X 7 support' প্রদানের লক্ষ্যে অফিস চলাকালীন সময়ের পরবর্তী অতিরিক্ত সময় এবং ছুটির দিনে দায়িত্ব পালনের জন্য দায়িত্বরত কর্মকর্তাকে দৈনিক ভাতা প্রদানের বিষয়ে রাকাব পরিচালনা পর্ষদের ৫০৮তম সভায় (তারিখ : ২৪.১২.২০১৯) একটি সার-সংক্ষেপ উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয় :

"ব্যাংক ব্যবস্থাপনার প্রস্তাব মোতাবেক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের Data Center (DC)/Disaster Recovery Site (DRS) এ নিরবচ্ছিন্নভাবে '24 X 7 support' প্রদানের লক্ষ্যে অফিস চলাকালীন সময়ের পরবর্তী সময়ে অতিরিক্ত দায়িত্ব এবং ছুটির দিনে দায়িত্ব পালনের জন্য দায়িত্বরত কর্মকর্তাকে দৈনিক নিম্নোক্তভাবে ভাতা প্রদান করার অনুমোদন দেয়া হলো :

| কর্মকর্তার বিবরণী | দৈনিক দায়িত্বরত কর্মকর্তার সংখ্যা | জন প্রতি দৈনিক ভাতার পরিমান (ছুটির দিনসহ) |
|---|---|---|
| আইসিটি বিভাগের কর্মকর্তাগণ | প্রতি শিফটে ন্যূনতম ০২ (দুই) জন | যাতায়াত ও আপ্যায়ন বাবদ মোট ১,০০০ (এক হাজার) টাকা মাত্র |

০৩। এমতাবস্থায় রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে '24 X 7 support' ভিত্তিক ব্যাংকের DC/DRS এ নিরবচ্ছিন্ন মনিটরিং এবং CBS সংক্রান্ত সাপোর্টসহ অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা হতে রক্ষার জন্য অফিস চলাকালীন সময়ের পরবর্তী সময়ে এবং ছুটির দিনে অতিরিক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলো :

(০১) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের '24 X 7 support' ভিত্তিক ব্যাংকের DC/DRS এ নিরবচ্ছিন্ন মনিটরিং এবং CBS সংক্রান্ত সাপোর্টসহ অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা হতে রক্ষার জন্য আইসিটি বিভাগের কর্মকর্তাগণ অফিস চলাকালীন সময়ের পরবর্তী সময়ে এবং ছুটির দিনে প্রতি শিফটে দৈনিক ন্যূনতম ০২ (দুই) জন কর্মকর্তা অতিরিক্ত দায়িত্ব পালন করবেন।

(০২) DC/DRS এ স্থাপনকৃত Precision AC, UPS, Generator, Power Room, Fire Fitting, Server, Storage, Backup System, Network Devices and Security System সহ অন্যান্য কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার মনিটরিং নিশ্চিত করবেন।

(০৩) DC/DRS এ ইলেকট্রিক/জেনারেটর/UPS পাওয়ার ব্যাকআপ নিশ্চিত পূর্বক ডাটা সেন্টারের Physical Security, Logical Security এবং Cyber Security নিশ্চিত করতে হবে।

(০৪) দায়িত্বকালীন সময়ে দৈনন্দিন ভিত্তিতে DC/DRS এর চিহ্নিত সমস্যা এবং তা সমাধানকল্পে গৃহীত পদক্ষেপসমূহ Log বইয়ে লিপিবদ্ধ করতে হবে।

(০৫) DC/DRS এ দায়িত্বরত কর্মকর্তাগণ নির্দিষ্ট সময় দায়িত্ব পালন পূর্বক এতদসংক্রান্ত তথ্যাদি Log বইয়ে লিপিবদ্ধ করতঃ পরবর্তী সময়ে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণের নিকট হস্তান্তর করবেন।

(০৬) কর্মকর্তাগণকে পারস্পরিক তথ্য বিনিময়ের মাধ্যমে DC/DRS সংক্রান্ত সকল ধরনের কাজ আয়ত্ব করতে হবে, যাতে DC/DRS এ যে কোন ধরনের সাপোর্ট তাৎক্ষণিকভাবে প্রদান করা সম্ভব হয়।

(০৭) রাকাব পরিচালনা পর্ষদের ২৪.১২.২০১৯ তারিখের ৫০৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক ব্যাংকের DC/DRS এ নিরবচ্ছিন্নভাবে '24 X 7 support' প্রদানের লক্ষ্যে অফিস চলাকালীন সময়ের পরবর্তী অতিরিক্ত সময় এবং ছুটির দিনে প্রতি শিফটে আইসিটি বিভাগের ন্যূনতম ০২ (দুই) জন কর্মকর্তা কর্তৃক দায়িত্ব পালনের নিমিত্ত দায়িত্বরত কর্মকর্তাগণ দৈনিক যাতায়াত ও আপ্যায়ন ভাতা বাবদ জন প্রতি মোট ১,০০০ (এক হাজার) টাকা প্রাপ্য হবেন। আলোচ্য ব্যয় বিবিধ খাত হতে নির্বাহ করা হবে।

(০৮) DC/DRS এ নিরবচ্ছিন্নভাবে '24 X 7 support' প্রদানের লক্ষ্যে অফিস চলাকালীন সময়ের পরবর্তী সময়ে অতিরিক্ত দায়িত্ব এবং ছুটির দিনে দায়িত্ব পালনের জন্য আইসিটি বিভাগের উপ-মহাব্যবস্থাপক তাঁর নিয়ন্ত্রণাধীন কর্মকর্তাগণের যাতায়াত ও আপ্যায়ন ভাতা অনুমোদন করবেন।

(০৯) আইসিটি বিভাগের উপ-মহাব্যবস্থাপক অফিস চলাকালীন সময়ের পরবর্তী সময়ে অতিরিক্ত দায়িত্ব এবং ছুটির দিনে দায়িত্ব পালনের জন্য দায়িত্ব বন্টন পূর্বক অফিস-আদেশ জারী করবেন।

(১০) এ সার্কুলারটি ব্যাংকে Online Real-Time Core Banking Solution (CBS) লাইভ অপারেশন শুরুর তারিখ : ১৯.১২.২০১৯ হতে কার্যকর হবে।

১৬/০৪/2020

(মোঃ আবুল কালাম)
উপ-মহাব্যবস্থাপক

তারিখ: ১৫.০৪.২০২০

প্রকা/আইসিটিবি-৯৪/২০১৯-২০২০/ ৬৪১ (৪৫৬)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। সার্কুলারটি ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তাগণের আর্থিক, ব্যবসায়িক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ নীতিমালায় অন্তর্ভুক্তির জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৮। অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৯। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
১০। উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। প্রজেক্ট ডাইরেক্টর, এসইসিপি, সিপিও, রাজশাহী।
১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫। অফিস নথি।

১৫/08/2020
(মোহাম্মদ হুমায়ুন কবির)
সিনিয়র সিস্টেম এনালিস্ট (সমন্বয়)